রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, আগস্ট ২৫, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ আগস্ট, ২০১৪/০৫ ভাদ্র, ১৪২১

**নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৩৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত নিম্নরূপভাবে ওয়ার্কিং-গ্রুপ গঠন করেছে ঃ

**(ক) ওয়ার্কিং গ্রুপ-এর গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট মহাপরিচালক | সদস্য |
| (৩) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (৪) | অর্থ বিভাগের সংশ্লিষ্ট যুগ্ম-সচিব | সদস্য |
| (৫) | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | সদস্য |
| (৬) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মহাপরিচালক | সদস্য |
| (৭) | বিদ্যুৎ বিভাগের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (৮) | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন যুগ্ম-প্রধান | সদস্য |
| (৯) | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১০) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম-সচিব | সদস্য |
| (১১) | পরিবেশ ও বন মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১২) | শিক্ষা মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১৩) | বাণিজ্য মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১৪) | শিল্প মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১৫) | সড়ক বিভাগের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১৬) | রেলপথ মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১৭) | পানি সম্পদ মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| (২০) | মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (২১) | সদস্য (ভৌত বিজ্ঞান), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (২২) | সদস্য (প্রকৌশল), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (২৩) | সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য |
| (২৪) | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন সদস্য | সদস্য |
| (২৫) | বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| (২৬) | ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (২৭) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব |

**(খ) কার্যপরিধি :**

(১) আন্তর্জাতিক মানদণ্ডের নিরিখে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের বিভিন্ন পর্যায় ও ধাপের কার্যাবলিসমূহ চিহ্নিতকরণ ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(২) প্রকল্প এলাকায় নির্মিতব্য পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ধরন, প্রকৃতি ও উৎপাদন ক্ষমতা প্রভৃতি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ সম্ভাব্য সরবরাহকারীর তালিকা প্রণয়ন এবং প্রযুক্তি সরবরাহ পদ্ধতি সম্পর্কে বাস্তব ধারণা লাভের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(৩) প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগান (দেশীয় ও বৈদেশিক মুদ্রা)-এর নিমিত্ত অর্থায়নের উৎসসমূহ চিহ্নিতকরণ এবং অর্থায়নের শর্তাবলি নির্ধারণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৪) প্রযুক্তি সরবরাহকারী সম্ভাব্য প্রতিষ্ঠান/দেশসমূহের সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নে সরবরাহকারীর সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(৫) প্রকল্প বাস্তবায়নকালে সর্বোত্তম উপায়ে উপযুক্ত দেশজ শিল্প প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিতকরণকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৬) যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ইকুইপমেন্ট ট্রান্সপোর্টেশন প্ল্যানিং এবং নিরাপদে ও সাশ্রয়ী উপায়ে পারমাণবিক বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজন ও উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের জন্য গ্রীড সিস্টেম-এর প্রয়োজনীয় ডেভলপমেন্ট-এর লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;

(৭) প্রকল্প বাস্তবায়নে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সঙ্গতি রেখে প্রয়োজনীয় অন্যান্য ভৌত, কারিগরি, আইনানুগ অবকাঠামো ও সাইট সংশ্লিষ্ট সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন;

(৮) প্রকল্পের বিভিন্ন পর্যায়ে অপরিহার্য মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৯) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে নির্মিতব্য কেন্দ্রের আকার-আকৃতি, বাস্তবায়ন পদ্ধতি, অর্থায়নের উৎস, প্রয়োজনীয় ভৌত, কারিগরি ও পারমাণবিক নিরাপত্তা সংক্রান্ত রেগুলেটরি অবকাঠামো, মানব সম্পদ উন্নয়ন প্রভৃতি বিষয় সন্নিবেশ করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন এবং প্রতিবেদনটি প্রকল্পের কারিগরি কমিটির নিকট উপস্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd